

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA Bengali Text Bulletin

Date 16-10-2026

Time: 1.40 AM

শারদীয় দুর্গোৎসবের আজ ষষ্ঠী। মণ্ডপে মণ্ডপে দেবীর বোধন, আমন্ত্রণ ও অধিবাসের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে বাঙালির শ্রেষ্ঠ উৎসব।

(ইনসার্ট - ষষ্ঠীর ঢাক)

কলকাতা ও জেলার নামী পুজো মণ্ডপগুলিতে গতকাল রাতে ছিল উপচে পড়া ভিড়। বিভিন্ন থিম ও আলোক সজ্জায় সজ্জিত প্রতিমা ও মণ্ডপ দেখতে সারারাতই ছিল মানুষের ঢল। একটি প্রতিবেদন-

(ভিসি - অভিরূপ)

বেলুর রামকৃষ্ণ মঠ ও মিশনের ঐতিহ্য মেনে আজ ভোর ৬টায় ষষ্ঠাদি কল্লারস্তু মধ্য দিয়ে এবছরও দেবী দুর্গার আবাহন শুরু। আজ সন্ধ্যা ৬টা ১৫ মিনিট নাগাদ দেবীর বোধন হবে। পুজোর দিনগুলিতে দেশ-বিদেশের অসংখ্য ভক্তের সমাগম ঘটে বেলুড় মঠে।

এদিকে, দুর্গাপুজোর সময় ট্রাফিক আইন ভাঙা এবং বেআইনিভাবে মদ মজুত রাখার বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিচ্ছে প্রশাসন। গতকাল পঞ্চমীর দিন অভিযান চালিয়ে পুলিশ ২৮ জনকে গ্রেপ্তার করেছে, বেআইনি মদ বাজেয়াপ্ত হয়েছে সাড়ে ৩ লিটারেরও বেশি।

পুজোর ভিড় সামাল দিতে এবং যান চলাচল স্বাভাবিক রাখতে ডায়মন্ড হারবার পুলিশ জেলা বিশেষ উদ্যোগ নিয়েছে। পুলিশ সুপার চন্দ্র শেখর বর্ধন, গতকাল, ডায়মন্ড হারবার স্টেশন মোর ও মহেশতলায় পুজো গাইডম্যাপ প্রকাশ করেন। পুলিশের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে, মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর সময় ধরা পড়লে চালকের লাইসেন্স বাতিল করা হবে। যানজট নিয়ন্ত্রণ ও নিরাপত্তা সুনিশ্চিত করতেও একাধিক পদক্ষেপ করা হয়েছে।

লালবাজারে পুলিশের সদর দফতর থেকে গতকাল আনুষ্ঠানিকভাবে চালু হয়েছে বন্ধু অ্যাপ। দুর্গাপুজোর ভিড়ে হারিয়ে যাওয়া ব্যক্তিদের প্রযুক্তির সাহায্যে দ্রুত খুঁজে বের করা এবং পরিবারের সঙ্গে যোগাযোগ করানোই এই উদ্যোগের মূল লক্ষ্য। এর অন্যতম বিশেষত্ব হলো QR কোডযুক্ত বিশেষ ব্যান্ড। অভিভাবকেরা অ্যাপে আগে থেকে নিবন্ধন করে শিশুর নাম, অভিভাবকের নাম, ফোন নম্বর ও ঠিকানার মতো প্রয়োজনীয় তথ্য নথিভুক্ত করতে পারবেন। শিশুর হাতে ওই ব্যান্ড পরিয়ে দেওয়া যাবে। কোনও শিশু হারিয়ে গেলে এর কিউআর কোড স্ক্যান করে তথ্যের সাহায্যে অভিভাবকের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হবে। পাশাপাশি, শহরজুড়ে নজরদারি ও উদ্ধারকাজে সাহায্যের জন্য পুলিশের দশটি ডিভিশনের জন্য প্রতিটিতে বিশেষ গাড়ি রাখা হচ্ছে।

দক্ষিণ ২৪ পরগনার কুল্লিতে সিপিএমের স্টল তৈরির সময় জয় শ্রী রাম এবং ভারত মাতা কি জয় শ্লোগান দিয়ে কয়েকজন ভাঙচুর চালায় বলে অভিযোগ উঠেছে। এর পিছনে বিজেপি কর্মীরা রয়েছে বলে সিপিএম নেতৃত্বের অভিযোগ, কুল্লি থানার দ্বারস্থ হয়েছেন তাঁরা। বিক্ষোভকারীদের বক্তব্য সিপিআইএম নেতা বিকাশরঞ্জন ভট্টাচার্যের হিন্দু বিরোধী বক্তব্যের প্রতিবাদ জানাতে এই পদক্ষেপ।

জনসেবা থেকে দেশ সেবা এই মন্ত্রকে সামনে রেখে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় নিরলস ভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই ধারাবাহিকতায় শুরু হয়েছে বিশেষ সিরিজ সেবা সংকল্প অভিযান।

আজকের বিষয়- ‘অটল উদ্ভাবনী মিশন -২০১৬’ । একটি প্রতিবেদন-

(ক্যাপসুল- অভিজিৎ)

পশ্চিমবঙ্গ সহ ১৭ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে, ভোটার তালিকার ‘বিশেষ সংক্ষিপ্ত সংশোধন’ বা স্পেশাল সামারি রিভিশন-এর দিনক্ষণ ঘোষণা করেছে, ভারতের নির্বাচন কমিশন। নতুন ভোটারদের অন্তর্ভুক্তি এবং SIR-এ যারা বাদ পড়েছেন, তাঁদের নাম অন্তর্ভুক্তির সুযোগ দিতেই এই পদক্ষেপ।

২০২৭ সালের পয়লা জানুয়ারীর মধ্যে এই অন্তর্ভুক্তির কাজ শেষ করতে হবে, খসড়া তালিকা প্রকাশিত হবে ১২’ই নভেম্বর। চূড়ান্ত তালিকা, আগামী বছর চৌঠা জানুয়ারী প্রকাশিত হবে।

এদিকে, নন্দীগ্রাম বিধানসভা উপনির্বাচনে হিংসার অভিযোগ তুলে প্রদেশ কংগ্রেস, রাজ্য মানবাধিকার কমিশনের দ্বারস্থ হয়েছে। দলের প্রদেশ সভাপতি শুভঙ্কর সরকার এই ঘটনায় নাগরিকের মৌলিক অধিকার, ব্যক্তিগত নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

ISL ফুটবলে আজ মোহনবাগান সুপারজায়ান্ট, স্পোর্টিং ক্লাব দিল্লির মুখোমুখি হবে। দিল্লির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।
